গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.২০৪.৩১.০০২.২০-১৭

তারিখ : ২৯ জানুয়ারি ২০২০
১৫ মাঘ ১৪২৬

বিষয় : **'বাংলাদেশ কৃষি গবেষণা এন্ডাওমেন্ট ট্রাস্ট (বিকেজিইটি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৯'-এর প্রমিতীকরণ**

সূত্র : বিকেজিইটির ২৬.১২.২০১৯ তারিখের বিকেজিইটি/২০১৯/১২/২১০ সংখ্যক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংস্কার ও গবেষণা অনুবিভাগের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ কর্তৃক 'বাংলাদেশ কৃষি গবেষণা এন্ডাওমেন্ট ট্রাস্ট (বিকেজিইটি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৯'-এর খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রমিতীকরণ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো। পরবর্তীকালে গৃহীত প্রবিধানমালাটি চূড়ান্তভাবে প্রকাশিত হলে তার ১টি কপি এ অনুবিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৯.০১.২০২০
মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
ফোন : ৯৫৭৬৩৫৩
ই-মেইল : babaco@mopa.gov.bd

সচিব
বিকেজিইটি

নং-০৫.০০.০০০০.২০৪.৩১.০০২.২০-১৭

তারিখ : ২৯ জানুয়ারি ২০২০
১৫ মাঘ ১৪২৬

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :

০১। অতিরিক্ত সচিব, প্রশাসন, কৃষি মন্ত্রণালয়;
০২। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৩। অতিরিক্ত সচিব, সংস্কার ও গবেষণা অনুবিভাগ-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৪। যুগ্মসচিব, বাংলা ভাষা বাস্তবায়ন অধিশাখা-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য); এবং
০৫। অফিস কপি।

মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার

২০ এপ্রিল ২০০৮ তারিখের কৃম/গবে-১/চাকুরি (বোর্ড)-২৬/২০০৬/২৯৬ নং প্রজ্ঞাপনমূলে জারিকৃত বাংলাদেশ কৃষি গবেষণা এন্ডাওমেন্ট ট্রাস্ট (বিকেজিইটি) গঠনসংক্রান্ত রেজুলশনের ১৯ নং অনুচ্ছেদে উল্লিখিত কর্মচারীদের জন্য নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করা হইল :

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। **প্রবিধানমালার নাম ও প্রয়োগ**—(১) এই প্রবিধানমালা বাংলাদেশ কৃষি গবেষণা এন্ডাওমেন্ট ট্রাস্ট (বিকেজিইটি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা বিকেজিইটি-এর সকল কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞার্থ**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) **'অসদাচরণ'** অর্থ চাকরির শৃঙ্খলা বা নিয়মের হানিকর আচরণ অথবা কোনো কর্মচারী বা ভদ্রজনের পক্ষে শোভনীয় নহে এমন আচরণ এবং নিম্নরূপ আচরণসমূহও এই সংজ্ঞার্থের অন্তর্ভুক্ত হইবে,

(অ) ঊর্ধ্বতন কর্মচারীর আইনসংগত আদেশ অমান্যকরণ;

(আ) কর্তব্যে গুরুতর অবহেলা করা;

(ই) কোনো আইনসংগত কারণ ব্যতিরেকে যে-কোনো উপরস্থ কর্মচারীর কোনো আদেশ, পরিপত্র বা নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন; এবং

(ঈ) কোনো কর্তৃপক্ষের নিকট কোনো কর্মচারীর বিরুদ্ধে বিচার বিবেচনাহীন, বিরক্তিকর, মিথ্যা ও অসার অভিযোগ-সংবলিত দরখাস্ত বা অভিযোগ পেশ করা;

(খ) **'রেজুলশন'** অর্থ (Resolution to Establish Bangladesh Krishi Gobeshona Endowment Trust (BKGET);

29.02.2020

29.02.2020
শামীমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

29/02/2020
মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.02.2020

(গ) **'উপযুক্ত কর্তৃপক্ষ'** অর্থ এই প্রবিধানমালার অধীন নির্দিষ্ট কার্য নিষ্পত্তির জন্য বোর্ড অব ট্রাস্টিজ কর্তৃক মনোনীত কোনো ব্যক্তি বা ব্যক্তি সমষ্টি;

(ঘ) **'Author of the Trust'** অর্থ The Government of the Peoples Republic of Bangladesh represented by the Ministry of Agriculture in consultation with the Ministry of Finance. (MoA of BKGET-অনুসারে);

(ঙ) **'কর্তৃপক্ষ'** অর্থ নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা উক্ত কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিবার জন্য তৎকর্তৃক মনোনীত কোনো কর্মচারী এবং উক্ত কর্মচারীর ঊর্ধ্বতন যে কোনো কর্মচারীও এই সংজ্ঞার্থের অন্তর্ভুক্ত হইবেন;

(চ) **'কর্মচারী'** অর্থ বিকেজিইটি-এর কোনো কর্মচারী;

(ছ) **'ডিগ্রি' বা 'ডিপ্লোমা' বা 'সার্টিফিকেট'** অর্থ ক্ষেত্রমতো স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রি, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট এবং এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড অব ট্রাস্টি কর্তৃক স্বীকৃত উক্ত ডিগ্রি, ডিপ্লোমা বা সার্টিফিকেট-এর সমমানের শিক্ষাগত যোগ্যতাও ইহার অন্তর্ভুক্ত;

(জ) **'তপশিল'** অর্থ এই প্রবিধানমালার তপশিল;

(ঝ) **'নিয়োগকারী কর্তৃপক্ষ'** অর্থ কোনো নির্দিষ্ট পদে নিয়োগের জন্য এতদুদ্দেশ্যে বোর্ড অব ট্রাস্টিজ কর্তৃক ক্ষমতা প্রদত্ত হইলে অন্য কোনো ব্যক্তিও এই সংজ্ঞার্থের অন্তর্ভুক্ত হইবেন;

(ঞ) **'পদ'** অর্থ তপশিলে উল্লিখিত কোনো পদ;

(ট) **'পলায়ন'** অর্থ বিনা অনুমতিতে চাকরি বা কর্মস্থল ত্যাগ করা, অথবা ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় যাবৎ কর্তব্য হইতে অনুপস্থিত থাকা অথবা অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় পুনঃঅনুমতি গ্রহণ ব্যতিরেকে অনুপস্থিত থাকা অথবা বিনা অনুমতিতে দেশত্যাগ এবং ৩০ (ত্রিশ) দিন বা তদূর্ধ্ব সময় বিদেশে অবস্থান করা অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় বিদেশে অবস্থান;

(ঠ) **'প্রয়োজনীয় যোগ্যতা'** অর্থ তপশিলে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;

অনুবাদ কর্মকর্তা

সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(ড) **'বাছাই কমিটি'** অর্থ কোনো পদে নিয়োগদানের সুপারিশ প্রদানের উদ্দেশ্যে এই প্রবিধানমালার অধীন গঠিত কোনো বাছাই কমিটি;

(ঢ) **'Memorandum of understanding'** অর্থ Resolution to Establish Bangladesh Krishi Gobeshona Endowment Trust (BKGET)-এর Annexure-A-এর MoU

(ণ) **'ট্রাস্ট্রি বোর্ড'** অর্থ কৃষি মন্ত্রণালয়ের গবেষণা শাখা-১, তারিখ : ২০ এপ্রিল ২০০৮/০৭ বৈশাখ ১৪১৫-এর প্রজ্ঞাপন নং-কৃম/গবে-১/চাকুরি (বাঁক)-২৬/২০০৬/১৯৬-এর Annexure-A-এর ধারা-৯ মোতাবেক গঠিত বোর্ড অব ট্রাস্টিজ;

(ত) **'শিক্ষানবিশ'** অর্থ কোনো স্থায়ী শূন্যপদের বিপরীতে শিক্ষানবিশ হিসাবে নিয়োগপ্রাপ্ত কোনো ব্যক্তি;

(থ) **'সম্মানি'** অর্থ মাঝে মাঝে প্রয়োজন হয় এইরূপ বিশেষ বা কষ্টসাধ্য কার্যের স্বীকৃতিস্বরূপ অনাবর্তক ধরনের পুরস্কার;

(দ) **'সাধারণ ছুটি'** অর্থ সাপ্তাহিক ছুটি এবং সরকারি নির্বাহী আদেশবলে ঘোষিত কোনো অনির্ধারিত ছুটি; এবং

(ধ) **'স্বীকৃত বিশ্ববিদ্যালয়'** বা **'স্বীকৃত বোর্ড'** বা **'স্বীকৃত প্রতিষ্ঠান'** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা কোনো প্রতিষ্ঠান।

অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

মোঃ আব্দুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দ্বিতীয় অধ্যায়

নিয়োগ পদ্ধতি ইত্যাদি

৩। নিয়োগ পদ্ধতি— (১) এই অধ্যায়ে, তপশিলের বিধান-অনুসারে সরকার কর্তৃক সময়ে সময়ে ঘোষিত কোটাসংক্রান্ত বিধানাবলি-সাপেক্ষে, স্থায়ীভাবে শূন্য হইয়াছে এইরূপ কোনো পদে নিম্নরূপ পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

৪। বাছাই কমিটির সুপারিশ ব্যতীত নিয়োগ নিষিদ্ধ—সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগদানের সুপারিশ প্রদানের উদ্দেশ্যে বোর্ড অব ট্রাস্টিজ এক বা একাধিক বাছাই কমিটি নিয়োগ করিবে এবং বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না।

৫। সরাসরি নিয়োগ—(১) কোনো ব্যক্তি কোনো পদে সরাসরিভাবে নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন; অথবা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন, এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন।

(২) কোনো ব্যক্তি কোনো পদে সরাসরিভাবে নিযুক্ত হইবেন না, যদি তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং তাহার বয়ঃসীমা তপশিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়।

(৩) কোনো পদে সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না—

(ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্ষদ বা চিকিৎসক তাহাকে স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যয়ন করেন; এবং

অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(খ) এইরূপ নির্বাচিত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, ট্রাস্টি বোর্ডের চাকরিতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, সকল পদের জন্য দেশের রাজধানী হইতে প্রকাশিত ন্যূনতম দুইটি দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা হইবে।

৬। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**—(১) এই প্রবিধানমালার অন্যান্য বিধান ও তপশিলের বিধানাবলি-সাপেক্ষে, কোনো কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা যাইতে পারে।

(২) কেবল জ্যেষ্ঠতার কারণে কোনো ব্যক্তি অধিকার হিসাবে তাহার পদোন্নতি দাবি করিতে পারিবেন না।

(৩) জ্যেষ্ঠতা তথা মেধার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে, তবে চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হইলে কোনো ব্যক্তিকে পদোন্নতির জন্য বাছাই কমিটি সুপারিশ করিবে না।

(৪) কোনো কর্মচারীকে তাহার অসাধারণ কৃতিত্ব, কর্তব্যনিষ্ঠা এবং চাকরিকালে উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ হইবার কারণে ব্যতিক্রমী ক্ষেত্র হিসাবে, পালা অতিক্রমপূর্বক পদোন্নতি দেওয়ার জন্য বাছাই কমিটি সুপারিশ করিতে পারে, তবে এইরূপ ক্ষেত্রে বোর্ডের অনুমোদনের প্রয়োজন হইবে।

৭। **শিক্ষানবিশ**—(১) কোনো স্থায়ী শূন্যপদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, ২ (দুই) বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, উক্ত তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য, শিক্ষানবিশ হিসাবে নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশ মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেইপদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

29.02.2020

29.02.2020
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

29/02/2020
মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.02.2020

(৩) শিক্ষানবিশ মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ-

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশ মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপবিধি (৪)-এর বিধানসাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো পদে স্থায়ী করা হইবে না যদি তিনি উক্ত পদে স্থায়ী হইবার জন্য কোনো পরীক্ষা বা প্রশিক্ষণ নির্ধারিত হইলে উক্ত পরীক্ষায় পাশ না করেন বা সফলতার সহিত প্রশিক্ষণ গ্রহণ না করেন।

তৃতীয় অধ্যায়

চাকরির সাধারণ শর্তাবলি

৮। **বেতন ও ভাতা**—সরকার বা সরকারের নির্দেশের আলোকে বোর্ড বিভিন্ন সময়ে যেরূপ নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেইরূপ হইবে।

৯। **প্রারম্ভিক বেতন**—(১) কোনো পদে কোনো কর্মচারীকে প্রথম নিয়োগের সময় উক্ত পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্তরই তাহার প্রারম্ভিক বেতন হইবে।

(২) কোনো ব্যক্তিকে তাহার বিশেষ মেধার স্বীকৃতিস্বরূপ সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইতে পারে।

(৩) সরকার ইহার কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময়ে সময়ে যে নির্দেশনাবলি জারি করে তদনুসারে বোর্ড অব ট্রাস্টিজ-এর সকল কর্মচারীর বেতন সংরক্ষণ করা যাইতে পারে।

২৭.০১.২০২০

২৯.০১.২০২০

২৯.০১.২০২০
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

মোঃ আমিনুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১০। **বেতন বৃদ্ধি**—(১) কোনো কারণে বেতন বৃদ্ধি স্থগিত রাখা না হইলে, সাধারণত প্রতিবৎসর নির্ধারিত হারে প্রত্যেক কর্মচারীর বেতন বর্ধিত হইবে।

(২) বেতন বৃদ্ধি স্থগিত রাখা হইলে, উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হইবে স্থগিতকারী কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট আদেশে, সেই মেয়াদ উল্লেখ করিবে।

(৩) কোনো শিক্ষানবিশ সাফল্যজনকভাবে শিক্ষানবিশিকাল সমাপ্ত না করিলে তিনি বেতন বৃদ্ধির অধিকারী হইবেন না।

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য বোর্ড কোনো কর্মচারীকে একসঙ্গে অনধিক দুইটি বিশেষ বেতন বৃদ্ধি মঞ্জুর করিতে পারিবে।

১১। **জ্যেষ্ঠতা**—(১) এই প্রবিধানের অন্যান্য বিধানসাপেক্ষে, কোনো পদে কোনো কর্মচারীর জ্যেষ্ঠতা সেইপদে তাহার যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে, নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মেধা-তালিকাভিত্তিক সুপারিশ-অনুসারে উক্ত কর্মচারীদের প্রারম্ভিক জ্যেষ্ঠতা স্থির করিবে।

(৩) একই বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত ও পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণ জ্যেষ্ঠ হইবেন।

(৪) একাধিক ব্যক্তিকে একই সময়ে পদোন্নতি দেওয়া হইলে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছে সেইপদে তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতার ভিত্তিতে উচ্চতর পদে তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতা স্থির করা হইবে।

(৫) বোর্ড অব ট্রাস্টিজ সম-বেতনক্রমভুক্ত কর্মচারীদের জ্যেষ্ঠতা তালিকা রক্ষণাবেক্ষণ করিবে এবং সময়ে সময়ে তাহাদের অবগতির জন্য এইরূপ তালিকা প্রকাশ করিবে।

১২। **পদোন্নতির ক্ষেত্রে বেতন**—কোনো কর্মচারীর পদোন্নতির ক্ষেত্রে যে পদে তাহাকে পদোন্নতি প্রদান করা হয় সাধারণত সেইপদের জন্য নির্ধরিত স্কেলের সর্বনিম্ন স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে এবং উক্ত সর্বনিম্ন বেতন অপেক্ষা তাহার পুরাতন পদে প্রাপ্ত স্কেলের বেতন উচ্চতর হইলে, উচ্চতর পদের জন্য প্রাপ্য বেতনক্রমে তাহার পুরাতন পদের মূলবেতনের অব্যবহিত উপরের স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে।

২৭.০১.২০২০

অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

২৭/০১/২০২০
মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চতুর্থ অধ্যায়

ছুটি ইত্যাদি

১৩। ছুটি—(১) সকল শ্রেণির কর্মচারীকে নিম্নরূপ যে কোনো ধরনের ছুটি প্রদান করা যাইতে পারে, যথা :

(ক) পূর্ণ বেতনে ছুটি;

(খ) অর্ধ বেতনে ছুটি;

(গ) বিনা বেতনে অসাধারণ ছুটি;

(ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;

(ঙ) সঙ্গরোধ ছুটি;

(চ) প্রসূতি ছুটি; এবং

(ছ) নৈমিত্তিক ছুটি।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ কোনো কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি ব্যতীত অন্যান্য ছুটি মঞ্জুর করিতে পারে এবং ইহা সাধারণ ছুটির দিনের সহিত সংযুক্ত করিয়াও প্রদান করা যাইবে।

(৩) বোর্ড অব ট্রাস্টিজ-এর পূর্বানুমোদন লইয়া উপযুক্ত কর্তৃপক্ষ বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারিবে।

১৪। পূর্ণ বেতনে ছুটি—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১১/১ হারে পূর্ণ বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্য এককালীন ছুটির পরিমাণ ৪ (চার) মাসের অধিক হইবে না।

(২) উপ-প্রবিধান (১)-এর অধীন অর্জিত ছুটির পরিমাণ ৪ (চার) মাসের অধিক হইলে, তাহা সংশ্লিষ্ট কর্মচারীর ছুটির হিসাবে একটি পৃথক খাতে জমা দেখানো হইবে, ডাক্তারি সার্টিফিকেট উপস্থাপন-সাপেক্ষে অথবা বাংলাদেশের বাহিরে ধর্মীয় সফর, অধ্যয়ন বা অবকাশ ও চিত্তবিনোদনের জন্য উক্ত জমাকৃত ছুটি হইতে পূর্ণ বেতনে ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

১৫। অর্ধ বেতনে ছুটি—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের হারে ১২/১ হারে অর্ধ বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরূপ ছুটি জমা হইবার কোনো সীমা থাকিবে না।

অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়

(২) অর্ধ বেতনে ২ (দুই) দিনের ছুটির পরিবর্তে ডাক্তারি সার্টিফিকেট দাখিলসাপেক্ষে, ১ (এক) দিনের পূর্ণ বেতনে ছুটির হারে গড় বেতনে এইরূপ ছুটিকে সর্বোচ্চ ১২ (বারো) মাস পর্যন্ত পূর্ণ বেতনে ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে।

১৬। প্রাপ্যতাবিহীন ছুটি—(১) ডাক্তারি সার্টিফিকেট দ্বারা সমর্থিত হইলে কোনো কর্মচারীকে তাহার সমগ্র চাকরি জীবনে সর্বোচ্চ ১২ (বারো) মাস পর্যন্ত এবং অন্য কোনো কারণে হইলে ৩ (তিন) মাস পর্যন্ত অর্ধ বেতনে প্রাপ্যতাবিহীন ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(২) কোনো কর্মচারী তাহার ছুটি পাওনা হইবার পূর্বেই প্রাপ্যতাবিহীন ছুটি ভোগ করিয়া ফিরিয়া আসিলে, তিনি উক্ত ভোগকৃত ছুটির সমান ছুটি পাইবার অধিকারী না হওয়া পর্যন্ত নূতনভাবে উপ-প্রবিধান (১)-এর অধীনে কোনো ছুটি পাইবার অধিকারী হইবেন না।

১৭। বিনা বেতনে অসাধারণ ছুটি—(১) যখন কোনো কর্মচারীর অন্য কোনো ছুটি পাওনা না থাকে অথবা অন্য প্রকার কোনো ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে বিনা বেতনে অসাধারণ ছুটির জন্য আবেদন করেন, তখন তাহাকে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(২) বিনা বেতনে অসাধারণ ছুটির মেয়াদ একাধারে ৩ (তিন) মাসের অধিক হইবে না, তবে নিম্নরূপ ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বৃদ্ধি করা যাইতে পারে যথা :

(ক) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অনুমতিপ্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে ৫ (পাঁচ) বৎসরের জন্য তিনি প্রতিষ্ঠানে চাকরি করিবেন; অথবা

(খ) যেক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন; অথবা

(গ) যেক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হন যে, উক্ত কর্মচারী তাহার নিয়ন্ত্রণবহির্ভূত কারণে কর্তব্যে যোগদান করিতে অসমর্থ।

(৩) উপযুক্ত কর্তৃপক্ষ কোনো কর্মচারীর বিনা ছুটিতে অনুপস্থিতির সময়কে ভূতাপেক্ষ কার্যকারিতাসহ বিনা বেতনে অসাধারণ ছুটিতে রূপান্তরিত করিতে পারে।

২৭.০৭.২০২০

অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

২৭/০৭/২০২০

মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৭.০৭.২০২০

১৮। **বিশেষ অক্ষমতাজনিত ছুটি**—(১) কোনো কর্মচারী তাহার যথাযথ কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে আঘাতপ্রাপ্ত হইয়া দায়িত্ব পালনে অক্ষম হইলে, প্রবিধান ১৭।(৩) অনুসারে উপযুক্ত কর্তৃপক্ষ তাহাকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করিতে পারে।

(২) যে অক্ষমতার কারণে বিশেষ অক্ষমতাজনিত ছুটি চাওয়া হয় সেই অক্ষমতা ৩ (তিন) মাসের মধ্যে প্রকাশ না পাইলে এবং যে ব্যক্তি অক্ষম হন সেই ব্যক্তি উক্ত অক্ষমতার কারণ অবিলম্বে উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত না করিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা যাইবে না।

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় বলিয়া এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত চিকিৎসকের প্রত্যয়ন ব্যতিরেকে তাহা উপযুক্ত কর্তৃপক্ষ বর্ধিত করিবে না এবং এইরূপ ছুটি কোনোক্রমেই ২৪ (চব্বিশ) মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে-কোনো ছুটির সহিত সংযুক্ত করা যাইতে পারে।

(৫) যদি একই ধরনের অবস্থায় পরবর্তী কোনো সময়ে অক্ষমতা বৃদ্ধি পায় বা উহার পুনরাবৃত্তি ঘটে, তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা যাইবে, তবে এইরূপ একাধিকবার মঞ্জুরিকৃত ছুটির পরিমাণ ২৪ (চব্বিশ) মাসের অধিক হইবে না এবং এইরূপ ছুটি যে-কোনো অক্ষমতার কারণেও মঞ্জুর করা যাইবে।

(৬) কেবল আনুতোষিক ও অবসরভাতার ব্যাপারে চাকরি গণনার ক্ষেত্রে অক্ষমতাজনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ---(ক) উপপ্রবিধান (৫)-এর অধীনে মঞ্জুরিকৃত ছুটির মেয়াদসহ যে-কোনো মেয়াদের ছুটির প্রথম ৪ (চার) মাসের জন্য পূর্ণ বেতন; এবং

(খ) এইরূপ ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অর্ধ বেতন।

(৮) এই প্রবিধানের অন্যান্য বিধানের প্রযোজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রে সম্প্রসারিত করা যাইতে পারে, যিনি তাহার যথাযথ কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে, দুর্ঘটনাবশত আঘাতপ্রাপ্ত হইয়াছেন অথবা যিনি নির্দিষ্ট কোনো কর্তব্য পালনকালে, তাহার পদের স্বাভাবিক

29.02.2020

29.02.2020
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

29/02/2020
মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.02.2020

ঝুঁকিবহির্ভূত অসুস্থতা বা জখম বাড়াইয়া তোলার আশাঙ্কা থাকে, এইরূপ অসুস্থতা বা জখমের দরুন অক্ষম হইয়াছেন।

১৯। সঙ্গরোধ ছুটি—(১) কোনো কর্মচারীর পরিবারে বা গৃহে সংক্রামক ব্যাধি থাকিবার কারণে যদি উপযুক্ত কর্তৃপক্ষের আদেশ দ্বারা তাহাকে অফিসে উপস্থিত না হইবার জন্য নির্দেশ প্রদান করা হয়, তবে যে সময়ের জন্য উক্তরূপে নির্দেশ কার্যকর থাকে সেই সময় সঙ্গরোধ ছুটি হইবে।

(২) অফিস-প্রধান কোনো চিকিৎসা কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার সার্টিফিকেট-এর ভিত্তিতে, অনূর্ধ্ব ২১ (একুশ) দিন অথবা অস্বাভাবিক অবস্থায় অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের জন্য সঙ্গরোধ ছুটি মঞ্জুর করিতে পারিবেন।

(৩) সঙ্গরোধের জন্য উপ-প্রবিধান (২)-এ উল্লিখিত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে, উহা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত-অনুসারে এই প্রবিধানমালার অধীন অন্য কোনো প্রকার ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) এই প্রবিধানমালা-অনুযায়ী প্রাপ্য সর্বাধিক ছুটিসাপেক্ষে, প্রয়োজন হইলে অন্যবিধ ছুটির সহিত সঙ্গরোধ ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(৫) সঙ্গরোধ ছুটিতে থাকাকালে কোনো কর্মচারীকে তাহার দায়িত্ব পালনে অনুপস্থিত বলিয়া গণ্য করা হইবে না, এবং যখন কোনো কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হন, তখন তাহাকে এইরূপ ছুটি দেওয়া যাইবে না।

২০। প্রসূতি ছুটি—(১) কোনো কর্মচারীকে পূর্ণ বেতনে সর্বাধিক ৬ (ছয়) মাস পর্যন্ত প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রসূতি ছুটি মঞ্জুরির অনুরোধ কোনো নিবন্ধিত চিকিৎসক কর্তৃক সমর্থিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনামতে কর্মচারীর প্রাপ্য অন্য যে-কোনো ছুটির সহিত একত্রে বা উহা প্রসারিত করিয়া মঞ্জুর করা যাইতে পারে।

(৩) বিকেজিইটি-এর কোনো কর্মচারীর সম্পূর্ণ চাকরি-জীবনে তাহাকে ২ (দুই) বারের অধিক প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইবে না।

২১। নৈমিত্তিক ছুটি—(১) সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকাবৎসরে মোট যতদিন নৈমিত্তিক ছুটি নির্ধারণ করিবে ট্রাস্টের কর্মচারীগণ মোট ততদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

২৭.০১.২০২০

২৭.০১.২০২০

অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়,ঢাকা।

মোঃ [illegible]
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(২) কোনো কর্মচারীকে এক সঙ্গে ১০ (দশ) দিনের বেশি নৈমিত্তিক ছুটি দেওয়া যাইবে না।

(৩) নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিবার জন্য কোনো আনুষ্ঠানিক আদেশ বা বিজ্ঞপ্তি জারি করিবার অথবা এই ছুটি চাকরির বৃত্তান্ত বহিতে লিপিবদ্ধ করিবার কোনো প্রয়োজন হইবে না।

(৪) নৈমিত্তিক ছুটি প্রতিটি পঞ্জিকাবৎসরের মধ্যেই গ্রহণীয় হইবে এবং কোনো পঞ্জিকাবৎসরের অব্যয়িত নৈমিত্তিক ছুটি ঐ বৎসরের ৩১ ডিসেম্বর তারিখে তামাদি হইয়া যাইবে।

(৫) নৈমিত্তিক ছুটি সাপ্তাহিক বা সাধারণ ছুটির দিনসহ ধারাবাহিকতা রক্ষা করিয়া গ্রহণ করা যাইতে পারে, তবে নৈমিত্তিক ছুটির মধ্যবর্তী সময় সাপ্তাহিক ছুটির দিন বা সাধারণ ছুটির দিন হইলে, সমগ্র সময়টি (সাপ্তাহিক বা সাধারণ ছুটিসহ) নৈমিত্তিক ছুটি হিসাবে গণ্য হইবে যদি উহার পরিমাণ সর্বাধিক নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা বেশি না হয় এবং বেশি হইলে উক্ত সম্পূর্ণ সময় প্রাপ্যতা-সাপেক্ষে, পূর্ণ বা অর্ধ বেতনে অর্জিত ছুটিতে পরিণত হইবে, এইরূপ ছুটি পাওনা না থাকিলে উহা বিনা বেতনে অসাধারণ ছুটিতে পরিণত হইবে।

(৬) নৈমিত্তিক ছুটি অন্য কোনো ছুটির সহিত যুক্ত করা যাইবে না এবং নৈমিত্তিক ছুটির মেয়াদ বৃদ্ধি করা হইলে যদি সমগ্র সময়টি (প্রথমে মঞ্জুরিকৃত নৈমিত্তিক ছুটির সময়সহ) পাওনা ছুটি এবং একবারে গ্রহণীয় নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা বেশি হয়, তাহা হইলে উপ-প্রবিধান (৫) অনুসারে অর্জিত ছুটিতে পরিণত হইবে এবং অন্য কোনো প্রকার ছুটি পাওনা না থাকিলে, বিনা বেতনে অসাধারণ ছুটিতে পরিণত হইবে।

(৭) যোগদানের দিনের সহিত যুক্ত করিয়া নৈমিত্তিক ছুটি গ্রহণ করা যাইবে না।

(৮) এই দফায় গৃহীত নৈমিত্তিক ছুটি এক পঞ্জিকাবৎসর হইতে পরবর্তী পঞ্জিকাবৎসের সম্প্রসারিত হইতে পারিবে

:

তবে শর্ত থাকে যে, উক্ত ছুটির সর্বোচ্চ পরিমাণ একবারে গ্রহণীয় নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা বেশি হইবে না, এবং ঐ ছুটির যে কয়দিন ডিসেম্বর মাসে পড়িবে সেই কয়দিনের নৈমিত্তিক ছুটি সংশ্লিষ্ট বৎসরে পাওনা থাকিতে হইবে এবং উক্ত ছুটির বাকি অংশ পরবর্তী বৎসরে নৈমিত্তিক ছুটি হিসাবে ব্যয়িত গণ্য হইবে।

২২। ছুটি পদ্ধতি—(১) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব বোর্ড অব ট্রাস্টিজ কর্তৃক অনুমোদিত ছকে রক্ষণাবেক্ষণ করা হইবে।

29.02.2020

29.02.2020
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
মন্ত্রণালয়, ঢাকা।

27/02/2020
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.02.2020

(২) ছুটির জন্য সকল আবেদন ট্রাস্টি বোর্ড কর্তৃক নির্ধারিত ফর্মে অন্যথায় সাদা কাগজে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) আবেদনকারী যে কর্মচারীর অধীনে কর্মরত তাহার সুপারিশক্রমে উপযুক্ত কর্তৃপক্ষ ছুটি মঞ্জুর করিতে পারেন।

(৪) বিশেষ পরিস্থিতিতে কোনো কর্মচারী যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কর্মরত কোনো কর্মচারীর ছুটি পাওনা রহিয়াছে, তবে প্রবিধান ২১-এর বিধান এবং আনুষ্ঠানিক মঞ্জুরি আদেশ-সাপেক্ষে, উক্ত কর্মচারীকে একবারে অনূর্ধ্ব ১৫ (পনেরো) দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি প্রদান করিতে পারিবেন।

(৫) স্বাস্থ্যগত কারণে কোনো কর্মচারীকে ছুটি মঞ্জুর করিবার অথবা মঞ্জুরিকৃত ছুটির মেয়াদ বাড়াইবার পূর্বে উপযুক্ত কর্তৃপক্ষ ইচ্ছা করিলে বোর্ড অব ট্রাস্টিজ কর্তৃক নির্দেশিত কোনো চিকিৎসা কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র সংগ্রহ করিবার নির্দেশ প্রদান করিতে পারেন।

(৬) কোনো কর্মচারীর অসুস্থতার ব্যাপারে বোর্ড অব ট্রাস্টিজ কর্তৃক নির্দেশিত চিকিৎসা কর্তৃপক্ষের মতামত চাওয়া হইলে মেডিক্যাল সার্টিফিকেট-এর ভিত্তিতে ছুটির আবেদন বা ছুটির মেয়াদ বৃদ্ধির আবেদন মঞ্জুর করা যাইতে পারে।

(৭) বোর্ড কর্তৃক নির্দেশিত চিকিৎসা কর্তৃপক্ষের নিকট হইতে গৃহীত মেডক্যাল সার্টিফিকেট পেশ করা মাত্রই ছুটি প্রাপ্তির অধিকার অর্জিত হইবে না এবং ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট মেডিক্যাল সার্টিফিকেট পেশ করিয়া উক্ত কর্তৃপক্ষের নির্দেশের অপেক্ষায় থাকিতে হইবে।

(৮) বাংলাদেশের বাহিরে ছুটিতে অবস্থানকারী কোনো কর্মচারীর চিকিৎসাগত কারণে ছুটির মেয়াদ বৃদ্ধির আবেদনের সহিত সংশ্লিষ্ট চিকিৎসকের প্রত্যয়নপত্র যুক্ত করিতে হইবে এবং উক্ত কর্মচারী চিকিৎসকের স্বাক্ষর সত্যায়িত করিবেন এবং প্রত্যয়নপত্রে অসুস্থতার প্রকৃতি এবং অসুস্থ কর্মচারীর শারীরিক অবস্থা সম্পর্কে বিস্তারিত বিবরণ থাকিতে হইবে।

২৩। **ছুটিকালীন বেতন**—(১) কোনো কর্মচারী পূর্ণ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

29.07.2020

29.07.2020
আসিয়া ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

29/07/2020
মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.07.2020

(২) কোনো কর্মচারী অর্ধ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অর্ধ হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(৩) ছুটি যে দেশেই কাটানো হউক, ছুটির বেতন বাংলাদেশি টাকায় বাংলাদেশে প্রাপ্ত হইবে :

তবে শর্ত থাকে যে, ব্যতিক্রমী ক্ষেত্রে বাংলাদেশের বাহিরে ছুটি কাটাইবার বেলায় কোনো কর্মচারীকে কর্তৃপক্ষের সুপারিশক্রমে, সরকার কর্তৃক আরোপিত শর্তানুযায়ী, যদি থাকে, ছুটির বেতন বা উহার অংশবিশেষ বৈদেশিক মুদ্রায় প্রদান করিবার সিদ্ধান্ত উপযুক্ত কর্তৃপক্ষ গ্রহণ করিতে পারে।

২৪। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো—ছুটি ভোগরত কোনো কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার পূর্বে দায়িত্ব পালনের জন্য তলব করা যাইতে পারে এবং তাহাকে অনুরূপভাবে তলব করা হইলে, তিনি যে কর্মস্থলে ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রওয়ানা হইবার তারিখ হইতে তাহাকে কর্মরত বলিয়া গণ্য করা হইবে এবং এতদুদ্দেশ্যে ভ্রমণের জন্য তিনি ভ্রমণভাতা ও অন্যান্য ভাতা পাইবার অধিকারী হইবেন।

পঞ্চম অধ্যায়

ভাতা ইত্যাদি

২৫। ভ্রমণভাতা—কোনো কর্মচারী বাংলাদেশের অভ্যন্তরে তাহার দায়িত্ব পালনার্থে ভ্রমণকালে সরকার ও সরকারের নির্দেশাবলির আলোকে বোর্ড অব ট্রাস্টিজ কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত হার ও শর্তাবলি অনুযায়ী ভ্রমণভাতা ও দৈনিক ভাতার অধিকারী হইবেন।

২৬। দায়িত্বভাতা—কোনো কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে ন্যূনতম ২১ (একুশ) দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে সমমানের অথবা উচ্চতর কোনো পদের দায়িত্ব পালন করিলে তাহাকে মূলবেতনের শতকরা ২০ ভাগ হারে দায়িত্বভাতা প্রদান করা হইবে, তবে এতৎসংক্রান্ত সরকারি নীতিমালা-সাপেক্ষে এই প্রবিধান অনুসরণ করা হইবে।

২৭। উৎসবভাতা—সরকারি নির্দেশের আলোকে বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে সময়ে সময়ে জারিকৃত আদেশ মোতাবেক ট্রাস্টি বোর্ডের কর্মচারীগণকে উৎসবভাতা প্রদান করা যাইতে পারে।

২৭.০৭.২০২০

২৭.০৭.২০২০ ... অনুবাদ কর্মকর্তা, বাংলা ভাষা বাস্তবায়ন কোষ ... মন্ত্রণালয়, ঢাকা।

মোঃ আব্দুল হোসেন, সিনিয়র অনুবাদ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৮। শ্রান্তিবিনোদন ভাতাসহ ছুটি—প্রতি ৩ (তিন) বৎসর পর পর একজন কর্মচারীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন-সাপেক্ষে ১৫ (পনেরো) দিনের অর্জিত ছুটিসহ ১ (এক) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ শ্রান্তিবিনোদন ভাতা হিসাবে প্রদান করা যাইবে।

২৯। নববর্ষ-ভাতা—বোর্ড ও ট্রাস্টিজ-এর অনুমোদনক্রমে প্রত্যেক নিয়মিত কর্মচারীকে সরকার কর্তৃক ঘোষিত হারে নববর্ষ-ভাতা প্রদান করা যাইবে।

ষষ্ঠ অধ্যায়

চাকরির বৃত্তান্ত

৩০। চাকরির বৃত্তান্ত—(১) প্রত্যেক কর্মচারীর বৃত্তান্ত পৃথকভাবে রক্ষণাবেক্ষণ করা হইবে এবং উক্ত বৃত্তান্ত বোর্ড বা সরকার কর্তৃক প্রণীত ছক-অনুযায়ী একটি চাকরি-বহিতে সংরক্ষিত থাকিবে।

(২) কোনো কর্মচারী এতদুদ্দেশ্যে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে প্রতিবৎসরে একবার তাহার চাকরি-বহি দেখিতে পারিবেন এবং এইরূপ দেখিবার পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি যথাযথ ও সম্পূর্ণ বলিয়া উল্লেখপূর্বক তারিখসহ স্বাক্ষর করিবেন।

(৩) যদি কোনো কর্মচারী তাহার চাকরি-বহি দেখিবার সময় উহাতে কোনো বিষয় ত্রুটিপূর্ণভাবে লিপিবদ্ধ হইয়াছে বা বাদ পড়িয়াছে বলিয়া মনে করেন, তাহা হইলে তিনি উহা সংশোধনের জন্য ১৫ (পনেরো) দিনের মধ্যে বিষয়টি লিখিতভাবে কর্তৃত্বপ্রাপ্ত কর্মচারীর দৃষ্টিগোচর করিবেন এবং উক্ত কর্মচারী চাকরি-বহিতে প্রয়োজনীয় সংশোধন করিয়া বিষয়টি উক্ত কর্মচারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

৩১। বাৎসরিক প্রতিবেদন—(১) ট্রাস্টি বোর্ড ইহার সকল শ্রেণির কর্মচারী কর্তৃক সম্পাদিত কার্য এবং তাহাদের আচরণ-সম্পর্কিত বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি প্রস্তুত করিবে এবং উক্ত প্রতিবেদন বার্ষিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে এবং বিশেষ ক্ষেত্রে প্রয়োজনবোধে বোর্ড ইহার কোনো নির্দিষ্ট কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদন প্রতিবেদনকারী কর্মকর্তার নিকট হইতে চাহিতে পারিবে।

29.03.2020

29.03.2020
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

29/3/2020
মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.03.2020

(২) সংশ্লিষ্ট বৎসরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন পরবর্তী পঞ্জিকাবর্ষের প্রথম মাসের মধ্যে সংশ্লিষ্ট কর্মচারী লিখন ও প্রেরণ সম্পন্ন করিবেন, যদি উক্ত কর্মচারী যুক্তিসংগত কারণ ব্যতিরেকে তাহা না করেন, তবে উক্ত ব্যর্থতা অসদাচরণ বলিয়া গণ্য হইবে।

(৩) কোনো কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না, কিন্তু উহাতে কোনো বিরূপ মন্তব্য থাকিলে, উহার কৈফিয়ত প্রদান কিংবা তাহার নিজেকে সংশোধনের সুযোগ প্রদানের জন্য তাহাকে তৎসম্পর্কে অবহিত করিতে হইবে।

৩২। বিশ্বস্ততা ও গোপনীয়তার ঘোষণাপত্র—(১) ট্রাস্টের চাকরিতে যোগদানের সঙ্গে সঙ্গেই প্রত্যেক কর্মচারী ট্রাস্টি বোর্ড বা সরকার কর্তৃক প্রণীত ছকে বিশ্বস্ততা ও গোপনীয়তার একটি ঘোষণাপত্রের দুইটি অনুলিপি অবশ্যই দাখিল করিবেন।

(২) এই ঘোষণাপত্রের একটি অনুলিপি সংশ্লিষ্ট কর্মচারীর বৃত্তান্ত বহিতে এবং অপর একটি অনুলিপি ট্রাস্টি বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে রক্ষিত থাকিবে।

সপ্তম অধ্যায়

সাধারণ আচরণ ও শৃঙ্খলা

৩৩। আচরণ ও শৃঙ্খলা—(১) প্রত্যেক কর্মচারী—

(ক) এই প্রবিধানমালা-অনুযায়ী কার্য করিবেন এবং ইহা মানিয়া চলিবেন;

(খ) যে ব্যক্তি বা ব্যক্তিবর্গের এক্তিয়ার, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আপাতত কর্মে নিয়োজিত রহিয়াছেন তাহার বা তাহাদের দ্বারা সময়ে সময়ে প্রদত্ত সকল আইনানুগ আদেশ ও নির্দেশ পালন করিবেন এবং মানিয়া চলিবেন; এবং

(গ) বিশ্বস্ততা, সততা ও অধ্যবসায়ের সহিত ট্রাস্টের চাকরি করিবেন।

(২) কোনো কর্মচারী—

(ক) কোনো রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করিবেন না, ইহার সাহায্যার্থে চাঁদাদান বা অন্য কোনো উপায়ে সহায়তা করিবেন না এবং ট্রাস্টের বা রাষ্ট্রের স্বার্থের পরিপন্থি কোনো কার্যকলাপে নিজেকে জড়িত করিবেন না;

২৭.০২.২০২০

অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়

(খ) তাহার অব্যবহিত উর্ধ্বতন কর্মচারীর পূর্বানুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকরিস্থল ত্যাগ করিবেন না;

(গ) ট্রাস্টের সহিত লেনদেন রহিয়াছে কিংবা লেনদেন থাকিবার সম্ভাবনা রহিয়াছে এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে এমন কোনো উপহার বা দান গ্রহণ করিবেন না যাহা তাহার দায়িত্ব যথাযথভাবে পালনের ক্ষেত্রে তাহাকে কোনোভাবে প্রভাবিত করিতে পারে;

(ঘ) কোনো কোম্পানির এজেন্ট হিসাবে কার্য করিবেন না;

(ঙ) কোনো ব্যবসায়ের কার্যে নিয়োজিত হইবেন না কিংবা নিজে কোনো ব্যক্তির প্রতিনিধি হিসাবে অনুরূপ কোনো ব্যবসায় পরিচালনা করিবেন না;

(চ) উপযুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে, বাহিরের কোনো অবৈতনিক বা বৈতনিক চাকরি গ্রহণ করিবেন না; এবং

(ছ) উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কোনো খণ্ডকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।

(৩) কোনো কর্মচারী ট্রাস্টি বোর্ড বা উহার কোনো সদস্যের নিকট কোনো ব্যক্তিগত নিবেদন পেশ করিতে পারিবেন না, কোনো নিবেদন থাকিলে, তাহা কর্মচারীর অব্যবহিত উর্ধ্বতন কর্মচারীর মাধ্যমে পেশ করিতে হইবে।

(৪) কোনো কর্মচারী তাহার চাকরি-সম্পর্কিত কোনো দাবির সমর্থনে ট্রাস্ট বা উহার কোনো কর্মচারীর উপর রাজনৈতিক বা বাহিরের কোনো প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।

(৫) কোনো কর্মচারী তাহার চাকরির কোনো বিষয়ে হস্তক্ষেপ করিবার জন্য সরাসরি কোনো মন্ত্রী বা সংসদ-সদস্য বা অন্য কোনো বেসরকারি বা সরকারি ব্যক্তির শরণাপন্ন হইবেন না।

(৬) কোনো কর্মচারী ট্রাস্টের বিষয়াদি সম্পর্কে সংবাদপত্র বা কোনো গণমাধ্যমের সহিত সরাসরি কোনো যোগাযোগ স্থাপন করিবেন না; এইরূপ যোগাযোগের প্রয়োজন হইলে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করিতে হইবে।

(৭) প্রত্যেক কর্মচারী অভ্যাসগতভাবে ঋণগ্রস্ততা পরিহার করিবেন।

29.02.2020

29.02.2020
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

29/02/2020
মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.02.2020

৩৪। দন্ডের ভিত্তি—কর্তৃপক্ষের মতে যদি কোনো কর্মচারী—

(ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন; অথবা

(খ) অসদাচরণের দায়ে দোষী হন; অথবা

(গ) পলায়নের দায়ে দোষী হন; অথবা

(ঘ) অদক্ষ হন বা দক্ষতা হারাইয়া ফেলেন; অথবা

(ঙ) নিম্নরূপ কারণে দুর্নীতিপরায়ণ হন বা যুক্তিসংগতভাবে দুর্নীতিপরায়ণ বলিয়া বিবেচিত হন, যথা :

(অ) তিনি বা তাহার কোনো পোষ্য বা তাহার মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোনো ব্যক্তি তাহার প্রকাশ্য আয়ের, উৎসের সহিত অসংগতিপূর্ণ এইরূপ অর্থ বা সম্পত্তি দখলে রাখেন এবং তাহা অর্জনের যৌক্তিকতা দেখাইতে তিনি ব্যর্থ হন; অথবা

(আ) তাহার প্রকাশ্য আয়ের সহিত সংগতি রক্ষা না করিয়া জীবনযাপন করেন; অথবা

(চ) চুরি, আত্মসাৎ তহবিল তছরুপ বা প্রতারণার দায়ে দোষী হন; অথবা

(ছ) ট্রাস্টের বা রাষ্ট্রের বিরুদ্ধে নাশকতামূলক বা ক্ষতিকর কার্যে লিপ্ত হন বা অনুরূপ কার্যে লিপ্ত রহিয়াছেন বলিয়া সন্দেহ করিবার যুক্তিসংগত কারণ থাকে অথবা এইরূপ অন্যান্য ব্যক্তির সহিত সংশ্লিষ্ট রহিয়াছেন বলিয়া সন্দেহ করিবার যুক্তিসংগত কারণ থাকে যে, উক্ত অন্যান্য ব্যক্তি, রাষ্ট্র বা ট্রাস্টের বিরুদ্ধে নাশকতামূলক বা ক্ষতিকর কার্যে লিপ্ত রহিয়াছেন এবং যে কারণে তাহাকে চাকরিতে রাখা ট্রাস্ট বা জাতীয় নিরাপত্তার জন্য ক্ষতিকর বলিয়া বিবেচিত হয়; তাহা হইলে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ডারোপ করিতে পারিবে।

৩৫। দন্ডসমূহ— (১) এই প্রবিধানমালার অধীনে নিম্নরূপ দণ্ডসমূহ আরোপযোগ্য হইবে, যথা :

(ক) নিম্নরূপ লঘুদণ্ড :

(অ) তিরস্কার;

(আ) চাকরি বা পদ-সম্পর্কিত বিধি বা আদেশ-অনুযায়ী পদোন্নতি বা আর্থিক সুবিধা বৃদ্ধির অযোগ্যতার ক্ষেত্র ব্যতীত, নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি বা বেতন বৃদ্ধি স্থগিত রাখা;

29.03.2020

29.03.2020
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

29.03.2020
মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.03.2020

ই) কর্তব্যে অবহেলা বা বোর্ডের আদেশ অমান্য করিবার কারণে সংঘটিত সরকারের বা ট্রাস্টের আর্থিক ক্ষতির ম্পূর্ণ অংশ বা উহার অংশবিশেষ, বেতন বা আনুতোষিক হইতে আদায় করা; অথবা

ঈ) বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ।

) নিম্নরূপ গুরুদন্ড—

) নিম্নপদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নস্তরে অবনমিতকরণ;

) বাধ্যতামূলক অবসর প্রদান;

) চাকরি হইতে অপসারণ; এবং

) চাকরি হইতে বরখাস্ত।

) চাকরি হইতে অপসারণের ক্ষেত্রে নহে, বরং চাকরি হইতে বরখাস্তের ক্ষেত্রে, কোনো কর্মচারী ভবিষ্যতে স্টের চাকরি প্রাপ্তির অযোগ্য বলিয়া প্রতিপন্ন হইবেন।

৮। নাশকতামূলক ইত্যাদি কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি—(১) প্রবিধান ৩৪(ছ)-তে উল্লিখিত র্যকলাপের জন্য কোনো কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করিবার ক্ষেত্রে, কর্তৃপক্ষ—

) সংশ্লিষ্ট কর্মচারীকে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লিখিত তারিখ হইতে ছুটিতে যাইবার জন্য নির্দেশ ান করিতে পারিবেন;

) উক্ত কর্মচারীর বিরুদ্ধে যে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করিবে, সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্রহণের ভিত্তিসমূহ পর্কে তাহাকে লিখিত আদেশ দ্বারা অবহিত করিবেন; এবং

) উপ-প্রবিধান (২)-এর অধীনে অভিযোগ তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটির নিকট প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে রণ দর্শাইবার জন্য তাহাকে যুক্তিসংগত সুযোগ প্রদান করিবে :

 শর্ত থাকে যে, যেক্ষেত্রে কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হয় যে, বাংলাদেশের নিরাপত্তার স্বার্থে অনুরূপ সুযোগ প্রদান চীন নহে, সেইক্ষেত্রে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান করা হইবে না।

) যেক্ষেত্রে উপ-প্রবিধান (১)(গ) অনুসারে তদন্ত কমিটি গঠনের প্রয়োজন হয়, সেইক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযুক্ত চারীর পদমর্যাদার নিম্নে নহেন এমন ৩ (তিন) জন কর্মকর্তা সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করিবে।

২৭.০২.২০২০

অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

মোঃ [illegible] হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(৩) উপ-প্রবিধান (২)-এর অধীনে গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করিবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবে এবং কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর উহার বিবেচনায় যথাযথ আদেশ প্রদান করিবে।

৩৭। লঘুদণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি—(১) এই প্রবিধানমালার অধীনে কোনো কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করিবার ক্ষেত্রে, কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করে যে, তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে তাহাকে তিরস্কার অপেক্ষা গুরুতর কোনো শাস্তি প্রদান করা যাইতে পারে, তাহা হইলে কর্তৃপক্ষ—

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিোযোগসমূহ তাহাকে লিখিতভাবে জানাইবে এবং এইরূপ অভিযোগনামা প্রাপ্তির দশ কার্যদিবসের মধ্যে তাহার আচরণ এবং কৈফিয়ত প্রদানের জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানির ইচ্ছা পোষণ করেন কি না তাহা জানাইবার জন্য নির্দেশ প্রদান করিবে, এবং

(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ত, যদি কিছু থাকে, বিবেচনা করিবে এবং অভিযুক্ত ব্যক্তি যদি ব্যক্তিগতভাবে শুনানির ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানির সুযোগ প্রদান করিবার পর অথবা নির্ধারিত সময়ে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন, তাহাকে লঘুদণ্ড প্রদান করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজন মনে করিলে, অভিযুক্ত ব্যক্তি ব্যক্তিগত শুনানি দেওয়ার পর তাহার পদমর্যাদার নিম্নে নহেন এমন ১ (এক) জন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া প্রতিবেদন দাখিল করিবার জন্য উক্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিতে পারিবে এবং এতদুদ্দেশ্যে একটি সময়সীমাও নির্ধারণ করিয়া দিবে।

(২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পাইবার পর, কর্তৃপক্ষ তৎসম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবে অথবা প্রয়োজন মনে করিলে, অধিকতর তদন্তের জন্য আদেশ প্রদান করিতে পারিবে।

(৩) অধিকতর তদন্তের আদেশ প্রদান করা হইলে, উহার প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

29.02.2020

29.02.2020
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

29/02/2020
মোঃ আব্দুল মোতালেব
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.02.2020

(৪) যেক্ষেত্রে প্রবিধান ৩৪-এর দফা (ক) বা (খ)-তে উল্লিখিত কার্যকলাপের জন্য কোনো কর্মচারীর বিরুদ্ধে কোনো কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ যদি এই অভিমত পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হইলে অভিযুক্তকে তিরস্কার দণ্ড প্রদান করা যাইতে পারে, সেইক্ষেত্রে—

(ক) কর্তৃপক্ষ অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানির সুযোগদানপূর্বক উক্ত দণ্ড আরোপ করিতে পারে; অথবা

(খ) অভিযুক্ত ব্যক্তি ব্যক্তিগতভাবে উপস্থিত না হইলে বা উপস্থিত হইতে অস্বীকার করিলে কর্তৃপক্ষ—

(অ) শুনানি ব্যতিরেকেই অভিযুক্ত ব্যক্তির উপর দণ্ডারোপ করিতে পারিবে; অথবা

(আ) উপ-প্রবিধান (১) ও (২)-এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিবার পর অভিযোগ প্রমাণিত হইলে অভিযুক্ত ব্যক্তিকে প্রবিধান ৩৫(১)(ক)-তে বর্ণিত যে-কোনো লঘুদণ্ড আরোপ করিবে;

(গ) লিখিতভাবে অভিযোগ জানাইবার জন্য অভিযুক্ত ব্যক্তি দাবি করিলে, কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১) ও (২)-এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিবে এবং অভিযোগ প্রমাণিত হইলে প্রবিধান ৩৫(১)(ক)-তে বর্ণিত যে কোনো লঘুদণ্ড প্রদান করিবে।

৩৮। **গুরুদণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি**—(১) যেক্ষেত্রে কোনো কর্মচারীর বিরুদ্ধে এই প্রবিধানমালার অধীন কোনো কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ অভিমত পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হইলে কোনো গুরুদণ্ড আরোপ করা প্রয়োজন হইতে পারে, সেইক্ষেত্রে কর্তৃপক্ষ—

(ক) অভিযোগনামা প্রণয়ন করিবে এবং প্রস্তাবিত দণ্ডের বিষয় উহাতে উল্লেখ করিবে এবং যেসকল অভিযোগের ভিত্তিতে অভিযোগনামাটি প্রণীত হইয়াছে উহার বিবরণ এবং আদেশ প্রদানের সময়ে অন্য যেসকল ঘটনা বিবেচনা করিবার ইচ্ছা পোষণ করে তাহাও কর্মচারীকে অবহিত করিবে; এবং

(খ) অভিযোগনামা প্রাপ্তির পর অভিযুক্ত ব্যক্তি ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থন করিয়া লিখিত বিবৃতি পেশ করিবেন এবং প্রস্তাবিত দণ্ড কেন তাহার উপর আরোপ করা হইবে না, তৎসম্পর্কে উক্ত বিবৃতিতে কারণ দর্শাইবেন এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানির ইচ্ছা পোষণ করেন কি না তাহাও উল্লেখ করিবেন :

29.02.2020

29.02.2020
আসিমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

29/02/2020
মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.02.2020

তবে শর্ত থাকে যে, নির্ধারিত মেয়াদ শেষ হইবার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি সময় বৃদ্ধির জন্য আবেদন করেন, তাহা হইলে কর্তৃপক্ষ তাহাকে তাহার লিখিত বিবৃতি পেশ করিবার জন্য অতিরিক্ত দশ কার্যদিবস পর্যন্ত সময় দিতে পারিবে।

(২) যেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি নির্ধারিত বা বর্ধিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থন করিয়া বিবৃতি পেশ করিবেন, সেইক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযোগসংক্রান্ত অন্যান্য বিষয়ের সাক্ষ্য প্রমাণসহ তাহার বিবৃতি বিবেচনা করিবে এবং অনুরূপ বিবেচনার পর কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করে যে—

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ নাই, তাহা হইলে উক্ত অভিযোগ প্রত্যাহার করিবে এবং তদনুসারে উক্ত কার্যধারা নিষ্পত্তি হইবে;

(খ) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ রহিয়াছে এবং অভিযোগ প্রমাণিত হইলে গুরুদন্ড প্রদানের প্রয়োজন হইবে, তাহা হইলে গুরুদন্ড আরোপের উদ্দেশ্যে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিবে;

(গ) উক্ত কার্যধারায় অভিযুক্ত ব্যক্তির উপর গুরুদন্ড আরোপের জন্য পর্যাপ্ত কারণ রহিয়াছে, তাহা হইলে অভিযোগ তদন্তের জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন ১ (এক) জন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিবে অথবা অনুরূপ ৩ (তিন) জন কর্মকর্তা সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করিবে।

(৩) যেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি নির্ধারিত বা বর্ধিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থন করিয়া কোনো লিখিত বিবৃতি পেশ না করেন সেইক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন ১ (এক) জন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিবে বা ক্ষেত্রবিশেষে, তদন্ত কমিটি গঠন করিবে।

(৪) তদন্তকারী কর্মকর্তা বা ক্ষেত্রবিশেষে, তদন্ত কমিটি, তদন্তের আদেশ প্রদানের তারিখ হইতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তদন্তের কার্য আরম্ভ করিবেন এবং প্রবিধান ৩৮-এ বর্ণিত পদ্ধতি অনুসারে তদন্ত পরিচালনা করিবেন; তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটি কর্তৃপক্ষের নিকট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত প্রতিবেদন পেশ করিবেন।

29.07.2020

29.07.2020
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

29/07/2020
মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.07.2020

(৫) তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ প্রতিবেদনটি বিবেচনা করিবে এবং তাহার ভিত্তিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবে এবং অভিযুক্ত ব্যক্তিকে প্রতিবেদনের কপিসহ সিদ্ধান্তটি জানাইবে।

(৬) কর্তৃপক্ষ যদি উপ-প্রবিধান (৫) মোতাবেক গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে, তাহা হইলে প্রস্তাবিত দণ্ড অভিযুক্ত ব্যক্তির প্রতি কেন আরোপ করা হইবে না তৎসম্পর্কে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে তাহাকে কারণ দর্শাইবার নির্দেশ প্রদান করিবে।

(৭) উপ-প্রবিধান (৬) অনুসারে কারণ দর্শানো হইলে উক্ত কারণ এবং সামগ্রিক পরিস্থিতি বিবেচনান্তে কর্তৃপক্ষ উক্ত কার্যাধারার উপর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং অভিযুক্ত ব্যক্তিকে উহা অবহিত করিবে।

(৮) এই প্রবিধানের অধীনে তদন্ত কার্যধারায় পর্যাপ্ত সাক্ষ্য প্রমাণ লিপিবদ্ধ থাকিতে হইবে এবং যেক্ষেত্রে তদন্ত কর্মকর্তা বা তদন্ত কমিটি নিযুক্ত করা হয় সেইক্ষেত্রে উক্ত কর্মকর্তা বা কমিটির তদন্ত প্রতিবেদনে তদন্তের ফলাফলের সমর্থনে যুক্তিসংগত কারণ লিপিবদ্ধ থাকিতে হইবে।

(৯) এইরূপ সকল তদন্ত কার্যধারা গোপনীয় বলিয়া গণ্য হইবে।

৩৯। তদন্ত কর্মকর্তা কর্তৃক অনুসরণীয় কার্যপ্রণালি—(১) তদন্ত কর্মকর্তা মামলার শুনানি আরম্ভের দিন হইতে শেষ না হওয়া পর্যন্ত প্রতিদিন শুনানি অনুষ্ঠান করিবেন এবং কারণ লিপিবদ্ধ না করিয়া উক্ত শুনানি মুলতুবি করিবেন না।

(২) তদন্তকারী কর্মকর্তা কর্তৃক পরিচালিত তদন্তে—

(ক) অভিযুক্ত ব্যক্তি যেসকল অভিযোগ অস্বীকার করেন সেইসকল অভিযোগ সম্পর্কে মৌখিক সাক্ষ্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হইবে এবং অভিযোগ-সম্পর্কিত প্রাসঙ্গিক বা গুরুত্বপূর্ণ দালিলিক সাক্ষ্য উপস্থাপনের যুক্তিসংগত সুযোগ উভয় পক্ষকে প্রদান ও বিবেচনা করিতে হইবে;

(খ) অভিযুক্ত ব্যক্তি প্রতিপক্ষের সাক্ষীগণকে জেরা করিবার, তিনি ব্যক্তিগতভাবে সাক্ষ্য প্রদান করিবার এবং তাহার পক্ষ সমর্থনকারী কোনো ব্যক্তিকে সাক্ষী হিসাবে উপস্থাপন করিবার অধিকারী হইবেন;

২৭.০১.২০২০

অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৭.০১.২০২০

(গ) অভিযোগের সমর্থনে মামলা উপস্থাপনকারী ব্যক্তি অভিযুক্ত ব্যক্তিকে এবং তাহার সাক্ষীগণকে জেরা করিবার অধিকারী হইবেন;

(ঘ) অভিযুক্ত ব্যক্তি প্রাসঙ্গিক নথিপত্রের জন্য অনুরোধ করিতে পারিবেন, তবে তাহাকে নথির টোকার অংশ কোনো প্রকারেই দেখিতে দেওয়া হইবে না।

(৩) তদন্তকারী কর্মকর্তা কারণ লিপিব্দ্ধ করিয়া কোনো নির্দিষ্ট সাক্ষীকে বা কোনো নির্দিষ্ট সাক্ষ্য তলব করিতে বা গ্রহণ করিতে অস্বীকার করিতে পারিবেন।

(৪) তদন্তকারী কর্মকর্তার নিকট অভিযোগের সমর্থনে বিষয়টি উপস্থাপনের জন্য কর্তৃপক্ষ যে-কোনো ব্যক্তিকে মনোনীত করিতে পারিবে।

(৫) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তি তদন্তের অগ্রগতিতে বাধা প্রদান বা বাধা প্রদানের চেষ্টা করিতেছেন, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে সতর্ক করিয়া দিবেন এবং উক্তরূপ সতর্ক করিবার পরও যদি দেখিতে পান যে, অভিযুক্ত ব্যক্তি উহা অমান্য করিয়া কার্য করিতেছেন, তাহা হইলে তিনি উক্ত বিষয়ে একটি সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং ন্যায়বিচারের জন্য তিনি যে পদ্ধতি সর্বোত্তম বলিয়া মনে করিবেন সেই পদ্ধতিতে উক্ত তদন্ত সমাপ্ত করিবেন।

(৬) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তির আচরণ তদন্তের ব্যাপারে তদন্তকারী কর্মকর্তার অফিস বা দায়িত্বের জন্য অবমাননাকর, তাহা হইলে তিনি তৎসম্পর্কিত প্রাসঙ্গিক ঘটনাবলি ও পরিস্থিতি লিপিবদ্ধ করিবেন এবং বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিবেন, অতঃপর কর্তৃপক্ষ উপযুক্ত বিবেচনা করিলে প্রবিধান ৩৫(খ) মোতাবেক অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে পৃথকভাবে কার্যধারা সূচনা করিতে পারিবে।

(৭) তদন্তকারী কর্মকর্তা তদন্ত সমাপ্তির পর ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তাহার তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

(৮) অভিযুক্ত ব্যক্তি দোষী বা নির্দোষ কি না তাহা উল্লেখপূর্বক তদন্তকারী কর্মকর্তা প্রতিটি অভিযোগের উপর স্বীয় সিদ্ধান্ত প্রদান করিবেন, তবে শাস্তি বা অন্য কিছু সম্পর্কে কোনো সুপারিশ করিবেন না।

29.07.2020

29.07.2020
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

29/07/2020
মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.07.2020

(৯) কর্তৃপক্ষ এই অধ্যায়ের অধীনে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিবার পরিবর্তে একটি তদন্ত কমিটি নিয়োগ করিলে, তদন্তকারী কর্মকর্তার ক্ষেত্রে এই প্রবিধান যতটুকু প্রযোজ্য, তদন্ত কমিটির ক্ষেত্রেও ততটুকু প্রযোজ্য বলিয়া গণ্য হইবে।

(১০) উপ-প্রবিধান (৯)-এ উল্লিখিত তদন্ত কমিটির কোনো বৈঠকে কোনো একজন সদস্যের অনুপস্থিতির কারণে উক্ত কমিটির কোনো কার্যক্রম বা সিদ্ধান্ত বাতিল প্রতিপন্ন হইবে না কিংবা তৎসম্পর্কে কোনো প্রশ্ন উপস্থাপন করা যাইবে না।

৪০। সাময়িক বরখাস্ত—(১) প্রবিধান ৩৫-এর অধীনে যে-কোনো অভিযোগের দায়ে কোনো কর্মচারীর বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকিলে এবং প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে, কর্তৃপক্ষ উক্ত কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ অধিকতর সমীচীন মনে করিলে, উক্ত কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করিবার পরিবর্তে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লিখিত তারিখ হইতে, তাহার ছুটি প্রাপ্যতাসাপেক্ষে, তাহাকে ছুটিতে যাইবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে।

(২) যেক্ষেত্রে কোনো কর্মচারীকে চাকরি হইতে বরখাস্ত বা অপসারণের আরোপিত দণ্ড কোনো আদালত বা ট্রাইব্যুনালের সিদ্ধান্ত দ্বারা অথবা উক্ত সিদ্ধান্তের ফলে বাতিল বা অকার্যকর বলিয়া ঘোষিত বা প্রতিপন্ন হয় এবং কর্তৃপক্ষ উক্ত মামলার পরিস্থিতি বিবেচনাক্রমে এই সিদ্ধান্ত গ্রহণ করে যে, উক্ত কর্মচারীকে যে অভিযোগের ভিত্তিতে বরখাস্ত বা অপসারণের দণ্ড আরোপ করা হইয়াছিল সেই অভিযোগের ভিত্তিতে তাহার বিরুদ্ধে অধিকতর তদন্ত করা হইবে, সেইক্ষেত্রে উক্ত বরখাস্তকরণ বা অপসারণ-সম্পর্কিত মূল আদেশের তারিখ হইতে উক্ত কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত বলিয়া গণ্য হইবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তিনি সাময়িকভাবে বরখাস্ত থাকিবেন।

(৩) কোনো কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত থাকিবার সময়ে সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি ও আদেশ অনুযায়ী খোরাকি-ভাতা পাইবেন।

29.02.2020

29.02.2020
আলামা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

29/02/2020
মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.02.2020

(৪) ঋণ বা ফৌজদারি অপরাধের দায়ে কারাগারে সোপর্দ (কারাগারে সোপর্দ অর্থে আদালতের হেফাজতে রক্ষিত ব্যক্তিগণও অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবেন) কর্মচারীকে গ্রেপ্তারের তারিখ হইতে সাময়িকভাবে বরখাস্ত বলিয়া গণ্য করিতে হইবে এবং তাহার বিরুদ্ধে এই প্রবিধানমালার অধীন সূচিত কার্যধারা পরিসমাপ্ত না হওয়া পর্যন্ত তিনি যথারীতি খোরাকি-ভাতা পাইবেন।

৪১। পুনর্বহাল—(১) যদি প্রবিধান ৪০ (১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্তকৃত বা ক্ষেত্রবিশেষ, ছুটিতে প্রেরিত কোনো কর্মচারীকে চাকরি হইতে অপসারণ বা পদাবনত করা না হইয়া থাকে, তবে তাহাকে চাকরিতে পুনর্বহাল করা হইবে অথবা ক্ষেত্রবিশেষ, তাহাকে তাহার পদমর্যাদায় আসীন বা সমপদমর্যাদার কোনো পদে বহাল করা হইবে এবং ঐ ছুটিকালীন তিনি পূর্ণ বেতনে কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য করা হইবে।

(২) উপ-প্রবিধান (১)-এর বিধান-সাপেক্ষে, সাময়িকভাবে বরখাস্তের পর পুনর্বহালের বিষয় সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বাংলাদেশ চাকরি বিধিমালা ২০১৮ (Bangladesh Service Rules 2018)-এর বিধান-অনুসারে যথাসম্ভব নিয়ন্ত্রিত হইবে।

৪২। ফৌজদারি মামলা ইত্যাদিতে আবশ্যক কর্মচারী—ঋণ বা ফৌজদারি অপরাধের দায়ে কোনো কর্মচারী কারাগারে সোপর্দ হইবার কারণে কর্তব্য হইতে অনুপস্থিত থাকিলে, তাহার বিরুদ্ধে আনীত উক্ত মামলার পরিসমাপ্তি না হওয়া পর্যন্ত, এইরূপ অনুপস্থিতিকালের জন্য তিনি কোনো বেতন, ছুটিকালীন বেতন বা কোনো ভাতা (খোরাকি-ভাতা ব্যতীত), পাইবেন না এবং তাহার প্রাপ্য বেতন ও অন্যান্য ভাতা মামলা নিষ্পত্তির পর সমন্বয় সাধন করা হইবে এবং তিনি অপরাধ হইতে খালাস পাইলে অথবা ঋণের দায়ে কারাবরণের ক্ষেত্রে, উক্ত দায় তাহার নিয়ন্ত্রণবহির্ভূত পরিস্থিতির কারণে উদ্ভব হইয়াছে বলিয়া প্রমাণিত হইলে, সাধারণত তাহার প্রাপ্য বেতন-ভাতাদির টাকা সম্পূর্ণরূপে প্রদান করা হইবে এবং এইরূপে সম্পূর্ণ টাকা প্রদান করা হইলে, উক্ত অনুপস্থিতিকালে তিনি কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য হইবেন; এবং কর্তৃপক্ষ কর্তৃক লিপিবদ্ধ কোনো কারণে উক্ত সময় কর্তব্যকাল বা ছুটি বলিয়া গণ্য হইবে কিন্তু কর্তৃপক্ষ তদনুযায়ী নির্দেশ প্রদান না করিলে এইরূপ গণ্য করা হইবে না।

29.01.2020

29.01.2020
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়,ঢাকা।

29/01/2020
মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.01.2020

৪৩। **আদেশের বিরুদ্ধে আপিল**—(১) কোনো কর্মচারী বোর্ড অব ট্রাস্টিজ কর্তৃক সাধারণ বা বিশেষ আদেশবলে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট আপিল করিতে পারিবেন এবং আদেশ অবহিত হইবার ৩ (তিন) মাসের মধ্যে আপিল আবেদন করিতে হইবে এবং আবেদনকারী সময়মতো আপিল দায়ের না করিবার পক্ষে যুক্তিসংগত কোনো কারণ প্রদর্শন করিলে কর্তৃপক্ষ তাহা বিবেচনা করিতে পারিবেন।

(২) আপিল কর্তৃপক্ষ নিম্নরূপ বিষয়সমূহ বিবেচনা করিবে, যথা :

(ক) এই প্রবিধানমালার নির্ধারিত পদ্ধতি পালন করা হইয়াছে কি না, না হইয়া থাকিলে উহার কারণে ন্যায়বিচারের হানি হইয়াছে কি না;

(খ) অভিযোগসমূহের উপর প্রদত্ত সিদ্ধান্ত যথাযথ ও ন্যায়সংগত কি না; এবং

(গ) আরোপিত দন্ড মাত্রাতিরিক্ত, পর্যাপ্ত বা অপর্যাপ্ত কি না।

(৩) আপিল কর্তৃপক্ষ যেরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে।

৪৪। **পুনর্নিরীক্ষণ (Review)**—(১) কোনো কর্মচারী এই প্রবিধানমালার অধীন প্রদত্ত কোনো আদেশ দ্বারা সংক্ষুব্ধ (aggrieved) হইলে তিনি ঐ আদেশ পুনর্নিরীক্ষণ (review)-এর জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) আবেদনকারী যে আদেশ দ্বারা সংক্ষুব্ধ হইয়াছেন সেই আদেশ তাহাকে অবহিত করিবার তারিখ হইতে তিন মাসের মধ্যে পুনর্নিরীক্ষণের আবেদন পেশ না করিলে উহা গ্রহণ করা হইবে না :

তবে শর্ত থাকে যে, আবেদনকারী কর্তৃক সময়মতো আবেদন পেশ করিতে না পারিবার স্বপক্ষে যথেষ্ট কারণ ছিল মর্মে বোর্ড অব ট্রাস্টিজ নিঃসন্দেহ হইলে উল্লিখিত সময়সীমা উত্তীর্ণ হইবার ৩ (তিন) মাসের মধ্যে বোর্ড অব ট্রাস্টিজ পুনর্নিরীক্ষণের আবেদন গ্রহণ করিতে পারিবে।

(৩) পুনর্নিরীক্ষণের আবেদন পাইবার পর সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্তৃপক্ষ যেরূপ উপযুক্ত বিবেচনা করিবে সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবে।

৪৫। **আদালতে বিচারাধীন কার্যধারা** (১) কোনো কর্মচারীর বিরুদ্ধে কোনো আদালতে একই বিষয়ের উপর কোনো ফৌজদারি মামলা বা আইনগত কার্যধারা বিচারাধীন থাকিলে তাহার বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা

২৯.০৭.২০২০

মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৯.০৭.২০২০

সমাপনের ব্যাপারে কোনো বাধা থাকিবে না কিন্তু যদি কর্তৃপক্ষ বিভাগীয় কার্যধারায় উক্ত কর্মচারীর উপর কোনো দণ্ডারোপ করিবার সিদ্ধান্ত গ্রহণ করে, তাহা হইলে উক্ত মামলা বা আইনগত কার্যধারা নিষ্পত্তি বা সম্পন্ন না হওয়া পর্যন্ত এই দণ্ডারোপ স্থগিত থাকিবে।

(২) কোনো কর্মচারী কোনো আদালত কর্তৃক দোষী সাব্যস্ত ও সাজা প্রদত্ত হইলে, এইরূপ সাজাপ্রাপ্ত কর্মচারীকে এই প্রবিধানমালার অধীনে শাস্তি প্রদান করা হইবে কি না কর্তৃপক্ষ তাহা স্থির করিবে।

(৩) কর্তৃপক্ষ উপ-প্রবিধান (২)-এর অধীনে তাহাকে শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিলে বিষয়টির পরিস্থিতিতে যেরূপ উপযুক্ত বলিয়া বিবেচিত হয়, কর্তৃপক্ষ সেইরূপ দণ্ড প্রদান করিতে পারিবে এবং এইরূপ দণ্ড প্রদানের জন্য কোনো কার্যধারা সূচনা করিবার প্রয়োজন হইবে না এবং প্রস্তাবিত দণ্ডের বিরুদ্ধে কারণ দর্শাইবার জন্যও কর্মচারীকে কোনো সুযোগ প্রদানের প্রয়োজন হইবে না।

(৪) কর্তৃপক্ষ উপ-প্রবিধান (৩)-এর অধীনে উক্ত কর্মচারীর উপর কোনো দণ্ডারোপ না করিবার সিদ্ধান্ত গ্রহণ করিলে, যেক্ষেত্রে তাহাকে চাকরিতে পুনর্বহাল বা বহাল রাখিবার সিদ্ধান্ত গৃহীত হয়, সেইক্ষেত্রে বোর্ড অব ট্রাস্টিজ-এর অনুমোদন গ্রহণ করিতে হইবে।

অষ্টম অধ্যায়

অবসর গ্রহণ ও অন্যান্য সুবিধা

৪৬। **ভবিষ্যতহবিল**—বোর্ড অব ট্রাস্টিজ উহার কর্মচারীগণের জন্য ভবিষ্যতহবিল নামে একটি তহবিল গঠন করিবে, যাহাতে প্রত্যেক কর্মচারী বোর্ড অব ট্রাস্টিজ বা সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত হারে চাঁদা প্রদান করিবে

৪৭। **আনুতোষিক**—(১) নিম্নরূপ যেকোনো কর্মচারী আনুতোষিক পাইবেন, যথা :

(ক) যিনি বিকেজিইটি-তে ন্যূনতম ৩ (তিন) বৎসর অব্যাহতভাবে চাকরি করিয়াছেন এবং শাস্তিস্বরূপ চাকরি হইতে বরখাস্ত বা পদচ্যুত বা অপসারিত হন নাই বা যাহার চাকরির অবসান ঘটানো হয় নাই;

২৯.০২.২০২০

আঞ্জুমান আরা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(খ) ন্যূনতম ৩ (তিন) বৎসর চাকরি করিবার পর যিনি কর্তৃপক্ষের অনুমতিসহ চাকরি হইতে পদত্যাগ বা চাকরি ত্যাগ করিয়াছেন;

(গ) ৩ (তিন) বৎসর পূর্ণ হইবার পূর্বে নিম্নরূপ কারণে যে কর্মচারীর চাকরির অবসান হইয়াছে, যথা :

(অ) তিনি যে পদে নিযুক্ত রহিয়াছেন সেই পদ বিলুপ্ত হইয়াছে অথবা পদসংখ্যা হ্রাসের কারণে তিনি চাকরি হইতে ছাঁটাই হইয়াছেন;

(আ) সম্পূর্ণ বা আংশিক অসামর্থ্যের কারণে তাহাকে চাকরি হইতে বরখাস্ত বা অপসারিত করা হইয়াছে; অথবা

(ই) চাকরিরত থাকাকালে তিনি মৃত্যুবরণ করিয়াছেন।

(২) কোনো কর্মচারীকে তাহার চাকরির প্রত্যেক পূর্ণ বৎসর বা আংশিক বৎসরের ক্ষেত্রে, ১২০ (একশত বিশ) কার্যদিবস বা তদূর্ধ্ব কোনো সময়ের চাকরির জন্য ২ (দুই) মাসের মূল বেতনের হারে আনুতোষিক প্রদান করা হইবে।

(৩) সর্বশেষ গৃহীত বেতন আনুতোষিক গণনার মূল ভিত্তি হইবে।

(৪) কোনো কর্মচারীর মৃত্যুর কারণে আনুতোষিক প্রাপ্য হইলে যাহাতে তাহার মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণ উহা পাইবার অধিকারী হন, তজ্জন্য প্রত্যেক কর্মচারী বোর্ড অব ট্রাস্টিজ কর্তৃক নির্ধারিত ফর্মে এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিবেন এবং ফর্মটি বোর্ড অব ট্রাস্টিজ কর্তৃক নির্দেশিত কর্তৃপক্ষের নিকট জমা দিবেন।

(৫) কোনো কর্মচারী উপ-প্রবিধান (৪) অনুযায়ী একাধিক ব্যক্তিকে মনোনয়ন না করিলে, মনোনয়নপত্রে তাহাদিগকে প্রদেয় অংশ এইরূপে উল্লেখ করিবেন যেন আনুতোষিক-এর সম্পূর্ণ টাকা উহাতে অন্তর্ভুক্ত হয় এবং যদি এইরূপে উল্লেখ করা না হয় তবে টাকার পরিমাণ মনোনীত ব্যক্তিগণকে সমান অংশে ভাগ করিয়া দেওয়া হইবে।

(৬) কোনো কর্মচারী যে কোনো সময়ে লিখিত নোটিশ দ্বারা উক্ত মনোনয়নপত্র বাতিল করিতে পারিবেন এবং এইরূপ বাতিল করিলে, তিনি উক্ত নোটিশের সহিত উপ-প্রবিধান (৪) ও (৫)-এর বিধান-অনুসারে একটি নূতন মনোনয়নপত্র জমা দিবেন।

29.07.2020 29.07.2020 অনুবাদ কর্মকর্তা 29/07/2020 মোঃ আবুল হোসেন সিনিয়র অনুবাদ কর্মকর্তা জনপ্রশাসন মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 29.07.2020

(৭) কোনো কর্মচারী মনোনয়নপত্র জমা না দিয়া মৃত্যুবরণ করিলে, তাহার আনুতোষিকের টাকা উত্তরাধিকার প্রমাণপত্রের ভিত্তিতে তাহার বৈধ ওয়ারিশ বা ওয়ারিশগণকে প্রদান করা হইবে।

৪৮। অবসর গ্রহণ ইত্যাদি বিষয়ে সরকারি চাকরি আইন, ২০১৮-এর প্রয়োগ—কর্মচারীদের অবসর গ্রহণ এবং তাহাদের পুনঃনিয়োগের ব্যাপারে **সরকারি চাকরি আইন, ২০১৮**-এর সংশ্লিষ্ট বিধানাবলি প্রযোজ্য হইবে।

৪৯। চাকরি অবসান—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ প্রদর্শন ব্যতিরেকেই ১ (এক) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান পূর্বক অথবা উক্ত নোটিশের পরিবর্তে ১ (এক) মাসের বেতন প্রদান করিয়া কোনো শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে এবং এইরূপ চাকরি অবসানের কারণে শিক্ষানবিশ কোনো প্রকার ক্ষতিপূরণ পাইবেন না।

(২) এই প্রবিধানমালায় ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন উপযুক্ত কর্তৃপক্ষ কোনো কারণ প্রদর্শন ব্যতিরেকে ৩ (তিন) মাসের আগাম নোটিশ প্রদান করিয়া অথবা তৎপরিবর্তে ৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পরিশোধ করিয়া যে কোনো কর্মচারীর চাকরির অবসান ঘটাইতে পারিবে।

৫০। ইস্তফাদান ইত্যাদি—(১) কোনো কর্মচারী নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া চাকরি ত্যাগ করিতে বা চাকরি হইতে বিরত থাকিতে পারিবেন না এবং এইরূপ নোটিশ প্রদানের ব্যর্থতার ক্ষেত্রে তিনি বোর্ডকে তাহার ৩ (তিন) মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(২) কোনো শিক্ষানবিশ তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক ১ (এক) মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া তাহার চাকরি ত্যাগ করিতে পারিবেন না এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি বোর্ডকে তাহার ১ (এক) মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(৩) যে কর্মচারীর বিরুদ্ধে শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ আরম্ভ হইয়াছে তিনি চাকরিতে ইস্তফাদান করিতে পারিবেন না :

29.02.2020

29.02.2020
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

29.02.2020
মোঃ আব্দুল [illegible]
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.02.2020

তবে শর্ত থাকে যে, উপযুক্ত কর্তৃপক্ষ কোনো বিশেষ ক্ষেত্রে যেরূপ যথাযথ বলিয়া বিবেচনা করিবে সেইরূপ শর্তে কোনো কর্মচারীকে ইস্তফাদানের অনুমতি প্রদান করিতে পারিবে।

[illegible]
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

<u>তপশিল-১</u>

ক্র.নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতনস্কেল	প্রয়োজনীয় যোগ্যতা
১	ফিন্যান্সিয়াল অ্যানালিস্ট	সর্বোচ্চ ৪৫ বৎসর * অবসরের বয়সসীমা ৬০ বৎসর	সরাসরি/ চুক্তিভিত্তিক	টা. ৫০০০০—৭১২০০ (৪র্থ গ্রেড)	<u>সরাসরি :</u> (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় ... অ্যাকাউন্টিং বা ফিন্যান্স বিষয়ে ... শ্রেণি/সম সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি (খ) সিএ/সিএমএ/এমবিএ ডিগ্রিধারী... অগ্রাধিকার প্রদান করা হইবে। <u>চুক্তিভিত্তিক :</u> (ক) চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে ... শিথিলযোগ্য, তবে চুক্তিভিত্তিক নিয়ো... কর্মচারী অনূর্ধ্ব ৬৫ (পঁয়ষট্টি) বৎসর ... চাকরিতে নিয়োজিত থাকিবেন এবং ... যুগ্মসচিব/অধ্যাপক/সমপদমর্যাদার নিয়ো... এইরূপ ব্যক্তি আবেদন করিতে পারিবেন। (খ) চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে সরা... নিয়োগের যোগ্যতা প্রযোজ্য হইবে।
২	সচিব	সর্বোচ্চ ৪০ বৎসর * অবসরের বয়সসীমা ৬০ বৎসর	সরাসরি নিয়োগ	টা. ৪৩০০০—৬৯৮৫০ (৫ম গ্রেড)	(ক) দ্বিতীয় শ্রেণি/সম সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদি স্নাতক ডিগ্রি অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি/সম সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) এমবিএ/সিএ/সিএমএ ডিগ্রিধারীদেরকে অগ্রাধিকার প্রদান করা হইবে; (গ) অফিস পরিচালনা কার্যে ৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডের পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের ... অভিজ্ঞতা থাকিতে হইবে।

29.02.2020

29.02.2020
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্র.নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতনস্কেল	প্রয়োজনীয় যোগ্যতা
৩	হিসাবরক্ষণ কর্মকর্তা	সর্বনিম্ন ২১ এবং সর্বোচ্চ ৩০ বৎসর, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর * অবসরের বয়সসীমা ৬০ বৎসর	সরাসরি নিয়োগ	টা. ২২০০০—৫৩০৬০ (৯ম গ্রেড)	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অ্যাকাউন্টিং বা ফিন্যান্স বিষয়ে দ্বিতীয় শ্রেণি/সম সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি/সম সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি।
৪	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	সর্বনিম্ন ২১ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর * অবসরের বয়সসীমা ৬০ বৎসর	সরাসরি/ পদোন্নতির মাধ্যমে নিয়োগ	টা. ৯৩০০—২২৪৯০ (১৬তম গ্রেড)	সরাসরি : (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক সম্মান ডিগ্রিধারী হইতে হইবে; এবং (খ) কম্পিউটার টাইপের গতি প্রতি মিনিটে বাংলা ২৫ এবং ইংরেজিতে ৩০ শব্দ। পদোন্নতি : (ক) অফিস সহায়ক/অফিস পিওন পদে ৭ (সাত) বৎসরের চাকরির বাস্তব অভিজ্ঞতা; এবং (খ) কম্পিউটার টাইপের গতি প্রতি মিনিটে বাংলা ২৫ এবং ইংরেজিতে ৩০ শব্দ।
৫	গাড়িচালক	সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর * অবসরের বয়সসীমা ৬০ বৎসর	সরাসরি নিয়োগ	টা. ৯৩০০—২২৪৯০ (১৬তম গ্রেড)	(ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ভারি বা হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকিতে হইবে; (গ) গাড়ি চালনার ব্যাবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে; (ঘ) অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

২৭.০২.২০২০

সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়

২৭.০২.২০২০

ক্র.নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স	নিয়োগ পদ্ধতি	বেতনস্কেল	প্রয়োজনীয় যোগ্যতা
৬	অফিস সহায়ক	সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর * অবসরের বয়সসীমা ৬০ বৎসর	সরাসরি নিয়োগ	টা. ৮২৫০—২০০১০ (২০তম গ্রেড)	(ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্য… সমমান পরীক্ষায় উত্তীর্ণ।
৭	অফিস পিওন	সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর * অবসরের বয়সসীমা ৬০ বৎসর	সরাসরি নিয়োগ	টা. ৮২৫০-২০০১০ (২০তম গ্রেড)	(ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্য… সমমান পরীক্ষায় উত্তীর্ণ।

29.02.2020

অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

29.02.2020

মোঃ আব্দুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

29.02.20

তপশিল-২ : জনবল কাঠামো



অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়,ঢাকা।

মোঃ আবুল হোসেন
সিনিয়র অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার